দৈনিক বাংলা



তারিখ ... 12/3/82 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম 5 ...

## ঢাকা বোর্ড

(১ম পৃঃ পর)

মির্জাপুর ক্যাডেট ৬২৫৪২) নম্বীর আহমদ। ছটি বিষয়ে লেটারসহ সে পেয়েছে ৮শ ২৫ নম্বর। তৃতীয় স্থান অধিকার করেছে ময়মনসিংহ জেলা স্কুলের বিজ্ঞান বিভাগের ছাত্র (রোল ময়মনসিংহ ৬৪৮০২) এ কে এম মাহবুব মোরশেদ। ছটি বিষয়ে লেটারসহ মোরশেদ পেয়েছে ৮শ ২২ নম্বর।

এসএসসি পরীক্ষায় এবার ঢাকা বোর্ডের ছয়টি বিভাগে মোট ৭৮ হাজার ৮শ ৪৮ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে পাস করেছে ৩৯ হাজার ৪শ ৮৪ জন।

মানবিক বিভাগে পরীক্ষা দিয়েছিল ৩৭ হাজার ২শ ৩৫ জন। পাস করেছে ১৩ হাজার ৪শ ৩৪ জন ছাত্রছাত্রী। পাসের হার ৩৬ দশমিক শূন্য সাত।

বিজ্ঞান বিভাগে পরীক্ষার্থীর সংখ্যা ছিল ২৪ হাজার ৪শ ৪৭ জন। পাস করেছে ১৭ হাজার ৮শ ৮৪ জন। পাসের হার ৭৩ দশমিক ১৫ শতাংশ।

বাণিজ্য বিভাগে পাসের হার ৪৬ দশমিক ৪৫ ভাগ। এই বিভাগে পরীক্ষায় অংশগ্রহণকারীর সংখ্যা ছিল ৯ হাজার ৩শ ৯৭ জন। পাস করেছে ৪ হাজার ৪শ ২২ জন।

কৃষি বিভাগে ৬ হাজার ৫শ ৩৪ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৩ হাজার ২শ ২২ জন। পাসের হার ৪৯ দশমিক ৩১ ভাগ।

এসএসসি পরীক্ষায় এবার শিল্পকলা বিভাগে পাসের হার সবচেয়ে বেশি ৭১ দশমিক ৩১ শতাংশ। ২শ ৩৭ জন পরীক্ষার্থীর মধ্যে এই বিভাগে পাস করেছে ১শ ৬৯ জন ছাত্রছাত্রী।

সম্মিলিত মেধা তালিকায় ২০টি স্থান অধিকার করেছে ৩২ জন ছাত্র। এর মধ্যে মাত্র একজন ছাত্রীর নাম এবারের মেধা তালিকায় রয়েছে। এর মধ্যে সবচেয়ে ভালো করেছে মির্জাপুর ক্যাডেট কলেজ। এই স্কুল থেকে ১১ জন ছাত্র মেধা তালিকায় স্থান পেয়েছে। মতিঝিল সরকারী উচ্চ বালক বিদ্যালয় মেধা তালিকায় দ্বিতীয় স্থানে। এই স্কুলের ৪ জন ছাত্রের নাম রয়েছে মেধা তালিকায়। ময়মনসিংহ জেলা স্কুলের স্থান তৃতীয়। মেধা তালিকায় এই স্কুলের ৩ জন ছাত্রের নাম রয়েছে।

কলা বিভাগে পুরুষ ও মহিলা একত্রে এবারের এসএসসি পরীক্ষায় প্রথম হয়েছে হলিক্রস উচ্চ বালিকা বিদ্যালয়ের ছাত্রী সাজিয়া মাহবুব (ঢাকা ম৩৯৮৫)। পাঁচটি বিষয়ে লেটারসহ সে ৭শ ৪১ নম্বর পেয়েছে। দ্বিতীয় স্থান অধিকার করেছে একই স্কুলের ছাত্রী রুবানা মাহজাবীন

(৫-এর পৃঃ ৬ এর কঃ দ্রঃ)

## ঢাকা বোর্ড

(৮-এর পৃঃ পর)

(ঢাকা ম৩৯৮৩)। ৪টি বিষয়ে লেটারসহ তার মোট নম্বর ৭শ সাত।

কলা বিভাগের ১০ জনের মেধা তালিকায় এবার পুরুষের কোন স্থান নেই। তাদের সবাই ছাত্রী।

বাণিজ্য বিভাগের পুরুষ ও মহিলা একত্রে ১০ জনের মেধা তালিকায় প্রথম নাম বাজিতপুর পাইলট উচ্চ বিদ্যালয়ের মোঃ হায়দর আলী খান। তার রোল নম্বর বাজিতপুর ৮৫৪০৮ ৫টি বিষয়ে লেটারসহ সে ৭শ ১৭ নম্বর পেয়েছে।

কৃষি বিভাগে মেধা তালিকায় প্রথম হয়েছে ফরিদপুরের বালিয়াকান্দি পাইলট হাই স্কুলের চৌধুরী মঞ্জুরুল কবির (রোল বালিয়াকান্দি ৯৬২২৪)। ৫টি বিষয়ে লেটারসহ সে ৭শ ৭৪ নম্বর পেয়েছে।

শিল্পকলা বিভাগে এবারের এসএসসি পরীক্ষায় প্রথম হয়েছে তেজগাঁও পলিটেকনিক হাই স্কুলের মাহবুব মোর্শেদ (রোল ঢাকা ৯১০০১)। ছটি বিষয়ে লেটারসহ সে মোট ৮শ ১৪ নম্বর পেয়েছে।

এসএসসির গার্হস্থ্য অর্থনীতি বিভাগে দুটি বিষয়ে লেটারসহ ৬শ ৮৮ নম্বর পেয়ে প্রথম হয়েছে কামরুন্নেছা সরকারী উচ্চ বিদ্যালয়ের রৌনাক ফওজিয়া। তার রোল নম্বর ঢাকা ম৯৭৭০১।

### মেধা তালিকা

ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ৮২ সনে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার মেধা তালিকায় প্রথম বিশটি স্থান অধিকার করেছে ৩২ জন ছাত্র, মেধা তালিকায় এবার রয়েছে মাত্র একজন ছাত্রী। তালিকার ৩১ জনই বিজ্ঞান বিভাগের ছাত্র শুধু একজন ছাত্র শিল্পকলা বিভাগের। এদের সবাই স্টার মার্ক পেয়েছে।

এসএসসি পরীক্ষার এবারের সম্মিলিত মেধা তালিকা নিম্নরূপঃ ১ম—আশীষ কুমার কীর্তনিয়া, মতিঝিল সরকারী উচ্চ বালক বিদ্যালয়, রোল ঢাকা ৪৬৫০১, ৬টি লেটার, ২য় নম্বীর আহমদ, মীর্জাপুরে ক্যাডেট কলেজ, রোল মীর্জাপুরে ক্যাডেট ৬২৫৪২, ৬টি লেটার, ৩য় এ কে এম মাহবুব মোরশেদ, ময়মনসিংহ জেলা স্কুল, রোল ময়মনসিংহ ৬৪৮০২, ৬টি লেটার, ৪র্থ সলীল কুমার রায় মতিঝিল সরকারী উচ্চ বালক বিদ্যালয়, রোল ঢাকা ৪৬৫০২, ৬টি লেটার, ৫ম মাহবুব মোর্শেদ, তেজগাঁও পলিটেকনিক গবঃ হাই স্কুল, রোল ঢাকা ৯১০০১ (শিল্পকলা), ৬টি লেটার, ৬ষ্ঠ ময়মনসিংহ জেলা স্কুলের তানভীর হাসান, রোল ময়মনসিংহ ৬৪৮০১, ৬টি লেটার. ৭ম মীর্জাপুর ক্যাডেট কলেজের এস কে এম নাসিমউদ্দীন, রোল মীর্জাপুর ক্যাডেট ৬২৫৩৪, ৬টি লেটার, মোঃ মনিরুল হক, রোল ৬২৫৫৮, ৫টি লেটার, মোঃ এমদাদুল হক খান, রোল ৬২৫৬৪, ৬টি লেটার, ৮ম মীর্জাপুর ক্যাডেট কলেজের মোঃ আনোয়ারুল আজিজ, রোল ৬২৫৩৮, ৬টি লেটার, ৯ম সাব্বির আহমদ, রোল ৬২৫৪৯, ৬টি লেটার, ১০ম নারিন্দা সরকারী উচ্চ বিদ্যালয়ের মোঃ মাহবুব বিন রাশেদ, রোল ঢাকা ৪৬৯৪৫, ৬টি লেটার, ও মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়ের মোঃ শরফুল ইসলাম খান, রোল ঢাকা ৫০০৯০, ৬টি লেটার, ১১শ খিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়ের মোঃ শাহাদত উল্লাহ খান, রোল ঢাকা ৪৬৬০১ ৬টি লেটার, মীর্জাপুরে ক্যাডেট কলেজের নূর উদ্দীন মোহাম্মদ জাহাঙ্গীর, রোল ৬২৫২৪, ৬টি লেটার ১২শ গবঃ ল্যাবরেটরী হাই স্কুলের মোঃ সাব্বির হোসেন সিদ্দিক, রোল ঢাকা ৫১৬৩৩ ৬টি লেটার, ১৩শ উদয়ন উচ্চ বিদ্যালয়ের মাহবুব আলী, রোল ঢাকা ৫১৭২৩, ৬টি লেটার এবং মীর্জাপুর ক্যাডেট কলেজের আশিস কুমার দাস, রোল ৬২৫৩৩, ৬টি লেটার, ১৪শ গবঃ ল্যাবরেটরী হাই স্কুলের তানভীর সোবহান, রোল ঢাকা ৫১৬৩৪, ৫টি লেটার এবং মীর্জাপুর ক্যাডেট কলেজের মোঃ সাইফুল আবেদীন, রোল ৬২৫২৩, ৬টি লেটার, ১৫শ গবঃ ল্যাবরেটরী হাইস্কুলের নিসার আহমদ, রোল ঢাকা ৫১৬৩৫, ৫টি লেটার এবং নারায়ণগঞ্জ সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়ের বেগম পারভীন সুলতানা রোল নারায়ণগঞ্জ ৫৫৯৬৯, ৬টি লেটার, ১৬শ মতিঝিল সরকারী উচ্চ বালক বিদ্যালয়ের চিন্ময় সাহা, রোল ঢাকা ৪৬৫০৩, ৬টি লেটার এবং ওয়েস্ট ধানমন্ডী ইউসুফ হাইস্কুলের মীর তারেক আলী, রোল ঢাকা ৫২০১১, ৬টি লেটার, ১৭শ মতিঝিল সরকারী বালক উচ্চ বিদ্যালয়ের খালেদ রাশিদুল হাসান, রোল ঢাকা ৪৬৫৯২, ৬টি লেটার এবং মীর্জাপুরে ক্যাডেট কলেজের সায়েফউদ্দীন নাসির, রোল ৬২৫৫৩, ৫টি লেটার, ১৮শ মীরপুর বাংলা উচ্চ বিদ্যালয়ের মোঃ আলী ইমরান, রোল ঢাকা ৫৩০৭০, ৫টি লেটার, ১৯শ ঢাকা রেসিডেন্সিয়াল মডেল স্কুল ও কলেজের টিএম তওফিক ইমরোজ খালিদী, রোল ঢাকা ৪৯৪৬৪, ৬টি লেটার, বাংলাদেশ এয়ারফোর্স স্কুলের মোঃ নজরুল ইসলাম, রোল ঢাকা ৪৯৬৭৫, ৬টি লেটার ও ময়মনসিংহ জেলা স্কুলের মোঃ শামসুস সাবেরীন, রোল ময়মনসিংহ ৬৪৮৩৩, ৬টি লেটার, ২০শ মীরপুর বাংলা উচ্চ বিদ্যালয়ের মোঃ তারিকুল ইসলাম রোল মীরপুর ৫৩০৮০, ৫টি লেটার এবং মীর্জাপুর ক্যাডেট কলেজের মোঃ আবদুল হালিম খান, রোল ৬২৫৩১, ৬টি লেটার।